



পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক শ্রমিক ইউনিয়ন

(বি.ই.এফ.আই-এর অন্তর্ভুক্ত সংগঠন)

১৮এ ব্র্যাবোর্ণ রোড, কলকাতা-৭০০ ০০১

রেজিঃ নং — ৪১৯৯



সার্কুলার নং - ১৪/২০১৭

তারিখ : ১৫.১১.২০১৭

সকল সদস্যদের জন্য

বিষয় : ২৩তম (নব পর্যায়) সম্মেলন

প্রিয় সাথী,

আপনারা ইতিমধ্যেই সার্কুলার নং ০৯/২০১৭ তারিখ ২৪/০৯/২০১৭ এর মাধ্যমে অবগত হয়েছেন যে, আমাদের সংগঠনের ২৩তম (নব পর্যায়) সম্মেলন আগামী ১২ই, ১৩ই এবং ১৪ই জানুয়ারী, ২০১৮ কলকাতায় অনুষ্ঠিত হবে।

প্রতি বছরের মত এবারও আমরা এই সম্মেলনকে কেন্দ্র করে রক্তদান শিবিরের আয়োজন করেছিলাম। গত ১৩ই নভেম্বর, ২০১৭ সোমবার বেলা ১১টায় আমাদের ব্যাঙ্কের ব্র্যাবোর্ণ রোড শাখায় এই রক্তদান শিবির অনুষ্ঠিত হয়েছিল। এই শিবির উদ্বোধন করার জন্য উপস্থিত ছিলেন আমাদের ব্যাঙ্কের জোনাল ম্যানেজার শ্রী এল.কে. মালহোত্রা, সার্কেল হেড শ্রী পি.জে. মাহেশ্বরী ও ব্র্যাবোর্ণ রোড শাখার এ.জি.এম. শ্রী মনোজ কুমার দাস এবং আমাদের সংগঠনের সভাপতি কমরেড অমিতাভ দে। রক্তদান শিবির পরিচালনার ক্ষেত্রে সহযোগিতায় ছিলেন “অ্যাসোসিয়েশন অফ ভলান্টারি ব্লাড ডোনর্স, পশ্চিমবঙ্গ” ও ন্যাশনাল মেডিকেল কলেজ, কলকাতা। মোট ১১২ জন রক্তদাতা ওই দিন রক্তদান করেন।

সংগঠনের গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী আমাদের আসন্ন সম্মেলন স্থলের নামকরণ করা হয়েছে কমরেড নরেশ পাল নগর (কলকাতা) এবং সম্মেলন মঞ্চের নামকরণ করা হয়েছে কমরেড পরিতোষ চক্রবর্তী ও আর.ডি. সিং মঞ্চ। কমরেড নরেশ পাল বি.ই.এফ.আই-এর প্রতিষ্ঠাতা ও ব্যাঙ্ক কর্মচারী আন্দোলনের প্রবাদ পুরুষ ছিলেন। প্রয়াত কমরেড পরিতোষ চক্রবর্তী ও আর.ডি. সিং আমাদের সংগঠনের প্রাক্তন পদাধিকারী ছিলেন।

সম্মেলনে প্রতিনিধিত্ব করার জন্য প্রতিনিধি ও পর্যবেক্ষক নির্বাচন করতে হবে ৩০শে নভেম্বর, ২০১৭ তারিখে কমরেডরা যে শাখার কর্মী তার নিরিখে তৈরী করা ভোটের তালিকার ভিত্তিতে। কেন্দ্রীয় দপ্তর থেকে খসড়া ভোটের তালিকা পাওয়ার পর অতি দ্রুত সেই ভোটের তালিকা সংশোধন করে কেন্দ্রীয় দপ্তরে ক্রেডেনশিয়াল কমিটির কাছে ০৮ ডিসেম্বর ২০১৭র মধ্যে অবশ্যই পাঠাতে হবে। খসড়া ভোটের তালিকার কোনো পরিবর্তন না থাকলেও ক্রেডেনশিয়াল কমিটিকে তা অবশ্যই জানাতে হবে। চূড়ান্ত ভোটের তালিকা ১১ই ডিসেম্বর, ২০১৭ তারিখে প্রকাশিত হবে। ক্রেডেনশিয়াল কমিটির পক্ষ থেকে সেই তালিকা পাওয়ার পর নিম্নলিখিত নির্দিষ্ট অনুযায়ী শাখাগত ভাবে নির্দিষ্ট করে দেওয়া সংখ্যায় প্রতিনিধি ও পর্যবেক্ষক নির্বাচন করতে হবে।

সংগঠনের সংবিধান অনুসারে শাখার প্রতি ৫ জন সদস্য প্রতি ১ জন প্রতিনিধি এবং সংখ্যাধিক্য ভগ্নাংশে

(major fraction)-এর জন্য অতিরিক্ত ১ জন প্রতিনিধি নির্বাচিত হবেন। যে সব শাখার সদস্য সংখ্যা ৫-এর কম সেখান থেকেও ন্যূনতম ১ জন প্রতিনিধি নির্বাচিত হবেন। প্রতি ২ জন প্রতিনিধি পিছু ১ জন পর্যবেক্ষক নির্বাচিত হবেন। এছাড়া যেসব শাখাতে ন্যূনতম সদস্য সংখ্যা ৫ জন, সেখান থেকেও ১ জন পর্যবেক্ষক নির্বাচিত হবেন। একজন সদস্য শুধুমাত্র প্রতিনিধি অথবা পর্যবেক্ষক যে কোনো একটি পদের জন্য নির্বাচিত হতে পারবেন।

সংগঠনের গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী শাখাতে সাধারণ সভার মাধ্যমে সর্বসম্মতভাবে প্রতিনিধি ও পর্যবেক্ষক নির্বাচনের কাজ আগামী ২২ ডিসেম্বর ২০১৭ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে।

প্রতিটি শাখা থেকে নির্বাচিত প্রতিনিধি ও পর্যবেক্ষকদের নামের তালিকা অতি অবশ্যই আগামী ২৮শে ডিসেম্বরের মধ্যে ক্রেডেনশিয়াল কমিটির কাছে পাঠাতে হবে।


যে সকল শাখায় নির্বাচন হবে, সেখানে নির্বাচনের কাজ পচিালনার জন্য আমাদের সংগঠনের যে কোনো সদস্যকে নির্বাচন কমিশনার হিসাবে নিযুক্ত করার জন্য শাখা নেতৃত্বকে অনুরোধ করা হচ্ছে। যে সদস্য নির্বাচন কমিশনার নিযুক্ত হবেন তিনি নির্বাচনে প্রার্থী হতে পারবেন না, কিন্তু ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন। নির্বাচনের জন্য প্রয়োজনীয় সংখ্যক মনোনয়নপত্র পরবর্তীকালে সংগঠনের কেন্দ্রীয় কার্যালয় থেকে পাওয়া যাবে।

নির্বাচনী নিষ্পত্তি—

- | | | |
|--|---|---|
| * মনোনয়নপত্র জমা দেওয়ার শেষ তারিখ | : | ২৬শে ডিসেম্বর, ২০১৭ (মঙ্গলবার) |
| * মনোনয়নপত্র পরীক্ষা করা হবে | : | ২৭শে ডিসেম্বর, ২০১৭ (বুধবার) |
| * মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ দিন | : | ২৮শে ডিসেম্বর, ২০১৭ (বৃহস্পতিবার) |
| * নির্বাচনে প্রার্থীদের চূড়ান্ত তালিকা প্রকাশ | : | ২৯শে ডিসেম্বর, ২০১৭ (শুক্রবার) |
| * নির্বাচনের দিন ও সময় | : | ৩০শে ডিসেম্বর, ২০১৭ (শনিবার)
বিকাল ৫টা থেকে ৬টা পর্যন্ত। |

সম্মেলনের কাজ সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য তহবিল সংগ্রহের কাজ ইতিমধ্যেই শুরু হয়ে গেছে। যে সকল শাখা এখনও অর্থ সংগ্রহের জন্য কেন্দ্রীয় দপ্তর থেকে বিল বই সংগ্রহ করেননি তারা অবিলম্বে তা সংগ্রহ করুন। সম্মেলনের জন্য সদস্যদের দেয় নির্দিষ্ট অর্থ দ্রুত কেন্দ্রীয় দপ্তরে জমা করার লক্ষ্যে প্রয়োজনীয় সাংগঠনিক উদ্যোগ গ্রহণের জন্য প্রত্যেক শাখা কমিটি ও ক্লাস্টার কমিটির সদস্যকে অনুরোধ করা হচ্ছে।

সংগ্রামী অভিনন্দন সহ



সাধারণ সম্পাদক